

# রিসার্চ ইনিশিয়েটিভস্, বাংলাদেশ (রিইব)

রংপুর ।

রোড -শো' ২০১৮ এর

প্রতিবেদন

প্রতিবেদন কাল : ২৩ সেপ্টেম্বর'২০১৮ ।

প্রতিবেদন প্রস্তুতকারক : মোঃ আমজাদ হোসেন , ফিল্ড কো-অর্ডিনেটর , রংপুর ।

বিস্তারিত বর্ণনা :

সকাল ৯.৩০ মি. রিইব অফিস ,তারাগঞ্জ, রংপুর থেকে দু'টি সুসজ্জিত( ব্যানার , ফেসটুন , পোষ্টার , প্লেকার্ড সম্বলিত) গাড়িতে রংপুরের ১৬ জন সিএসও সদস্য , ০১ জন এফসি , এফএফ ০৪ জন,ইউপি সদস্য ০১ জন, প্রজেক্ট কোঅর্ডিনেটর ০১ জন, পালা গানের সদস্য ও মাইক অপারেটরসহ মোট ৩০ জনকে নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় , বদরগঞ্জের উদ্দেশ্যে রওয়ানা হয়। বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌঁছিলে সেখানে পূর্বে থেকে অবস্থানরত এফএফ মিজানুর রহমান ও শাহেদা খাতুনসহ সিএসও সদস্যরা গাড়ী দু'টিকে স্বাগত জানান।



বেলা ১১.০০ মিনিটে উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম শামীম আমাদের মাঝে উপস্থিত হলে রুহী নাজ (পিসি , ঢাকা ) স্বাগত বক্তব্যে রোড শো-এর লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মহোদয়কে রোড শো-এর শুভ উদ্বোধন ঘোষণা করার জন্য আহবান জানান।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ফিতা কাটার মধ্য দিয়ে রোড শো-এর শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং বলেন- রিইব'কে আমি ধন্যবাদ জানাই এই জন্য যে , তারা এরকম একটি বড় উদ্যোগ হাতে নিয়েছে। এর মাধ্যমে জনগন তথ্য অধিকার আইন-২০০৯ সম্বন্ধে জানবে এবং এর ব্যাপক প্রচার ঘটবে। জনগন তাদের অধিকার আদায়ে সচেষ্ট হবে বলে আমি আশা রাখি। তথ্য অধিকার আইনটি গ্রামে , গঞ্জে প্রচারের জন্য এটা একটি মহৎ উদ্যোগ। আপনাদের যাত্রা শুভ হোক।

রুহীনাজ বেগম( প্রকল্প সমন্বয়কারী , রিইব , ঢাকা ) বলেন- রিইব একটি গবেষণাধর্মী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। ২০০২ সাল থেকে এই প্রতিষ্ঠানটি পিছিয়ে পড়া বিভিন্ন ক্ষুদ্র জাতিগোষ্ঠীর ( সাওতাল , মুন্ডা ,বেহারা , কাওড়া , রবিদাস , হরিজন ইত্যাদি ) জীবনমান উন্নয়নে কাজ করে আসছে। ২০১৬ সালে ইউরোপীয় ইউনিয়নের আর্থিক

সহযোগীতায় নেটজ বাংলাদেশ-এর মাধ্যমে রিসার্চ ইনিশিয়েটিভস বাংলাদেশ(রিইব) “ Civil Society Organizations Strengthening Democratic Governance (CSOSDG) Project ( সুশীল সমাজের অংশগ্রহণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা কর্মসূচী জোরদারকরণ )” প্রকল্প রংপুর জেলায় বদরগঞ্জ ও তারাগঞ্জ উপজেলায় এবং নীলফামারী জেলার সৈয়দপুর ও নীলফামারী সদর উপজেলায় কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এই প্রকল্পের উদ্দেশ্যের সংগে সামঞ্জস্য রেখে ‘রিইব’ রোড-শো-২০১৮ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করে। তারই অংশ হিসেবে আজকে আমাদের এই রোড শো-এর আয়োজন। আমি আশা করি এই রোড শো-এর মাধ্যমে তথ্য অধিকার আইন ব্যাপক প্রচার ও প্রসার ঘটবে। জনগন তাদের অধিকার প্রতিষ্ঠায় এই আইনটির সঠিক ব্যবহারের মাধ্যমে দেশে সুশাসন প্রতিষ্ঠা ও দূর্নীতি হ্রাসে সহায়ক হবে বলে আমরা আশা করি। আপনারা যারা রোড শো-এর এই যাত্রায় অংশগ্রহণ করছেন, আপনারা সাবধানে যাবেন, আমাদের যাত্রা শুভ হোক।



উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংক্ষিপ্ত আলোচনা শেষে রোড শো-এর গাড়ি দু’টি বদরগঞ্জ উপজেলার প্রধান প্রধান সড়কে প্রচারণা চালিয়ে বেলা ১১.০০ টার সময় বদরগঞ্জ উপজেলার রামনাথপুর ইউনিয়নের হাছিনা নগর বাজারে পৌঁছিলে এফএফ মোঃ মিজানুর রহমানসহ অন্যান্য সিএসও সদস্যগণ স্বাগত জানান। সেখানে তথ্য অধিকার আইনের উপর জরিগান ও সংক্ষিপ্ত আলোচনা করা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন মোঃ মিজানুর রহমান ( এফএফ, বদরগঞ্জ ) ও রুহী নাজ ( পিসি, ঢাকা)। উভয়ে তথ্য অধিকার আইনটি কি এবং কেন জানা দরকার তা বর্ণনা করেন। এসময় রোড শো-এর গাড়ির সামনে পিছনে, রাস্তার দুইধারে ২৫০-৩০০ সিএসও সদস্যসহ জনগন উপস্থিত ছিল।



বেলা ১২.০০ ঘটিকার সময় বদরগঞ্জ উপজেলার রাধানগর ইউনিয়নের লালদিঘী পৌছিলে সেখানে সংক্ষিপ্ত যাত্রা বিরতীতে জারিগান ও রোড শো-এর উদ্দেশ্য বর্ণনা করা হয়। এখানে মোঃ আমজাদ হোসেন (এফসি,রংপুর) বলেন- আমাদের এই রোড শো-এর উদ্দেশ্য হলো জনগন যাতে তথ্য অধিকার আইনটি জানে ও বুঝে। এই আইনের মাধ্যমে আমরা সহজে যে কোন তথ্য যে কোন সেবাদানকারী প্রতিষ্ঠানের কাছে আবেদনের মাধ্যমে জানতে চাইতে পারবো। আমরা আমাদের তথ্য জানার অধিকার প্রতিষ্ঠা করতে পারবো। তবেই দেশে দূর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠা হবে। এখানে আনুমানিক ১০০-১৫০ নারী-পুরুষ, ছাত্র-ছাত্রীর সমাগম ঘটে।



পরে রোড শোকে উদ্দেশ্য করে রাধানগর ইউনিয়ন পরিষদ মাঠে আনুমানিক ২০০-২৫০ জন নারী-পুরুষের সমাগম ঘটে।

তারপর বেলা ২.০০ ঘটিকার সময় তারাগঞ্জ উপজেলার ইকরচালী ইউনিয়নে পৌছিলে রঞ্জন রায় ও সোহেল রানা (এফএফ, তারাগঞ্জ) সহ ইউনিয়ন সিএসও সদস্যগণ স্বাগত জানান। সেখানে সংক্ষিপ্ত যাত্রা বিরতীতে গান ও তথ্য অধিকার আইন নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত ২০০-২৫০ জন নারী-পুরুষের আরও জারিগান শোনার অনুরোধ উপেক্ষা করে রোড শো তারাগঞ্জ উপজেলার উদ্দেশ্যে রওয়ানা হয়।



তারাগঞ্জ উপজেলার ব্র্যাক মোড়ে বিকেল ৩.৩০ ঘটিকার সময় পৌছিলে রঞ্জন রায় ( এফএফ , তারাগঞ্জ ) ,  
সোহেল রানা ( এফএফ , তারাগঞ্জ ) রোড শো-২০১৮ কে স্বাগত জানান । এখানে ৫০-১০০ জন নারী-পুরুষ  
সমবেত হন । তারা সংক্ষিপ্ত আলোচনা ও জরিগান উপোভোগ করেন ।

মোঃ আমজাদ হোসেন ( এফসি , রংপুর ) রোড শো-২০১৮ এ অংশগ্রহনকারী সকলকে ধন্যবাদ জানিয়ে  
আজকের দিনের কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন ।